

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৮৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫০. প্রথম অনুচ্ছেদ - সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণের সালাত

بَابُ صَلَاةِ الْخُسُوْفِ

আরবী

وَعَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَتْ: لَقَدْ أَمَرَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالْعَتَاقَةِ فِي كُسُوفِ الشَّمْسِ. رَوَاهُ البُخَارِيِّ

বাংলা

১৪৮৯-[১০] আসমা বিনতু আবূ বকর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম সূর্যগ্রহণ শুরু হলে দাস মুক্ত করার নির্দেশ দিয়েছেন। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ১০৫৪, ইবনু খুযায়মাহ্ ১৪০১, মুসতাদরাক লিল হাকিম ১২৩২, শারহুস্ সুন্নাহ্ ১১৪৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: সূর্যগ্রহণের সময় দাসমুক্ত করা শারী'আত সম্মত। এ আদেশটি প্রমাণ বহন করে মুস্তাহাব তথা ভালোর উপর ওয়াজিব হিসেবে না, আর দাস মুক্ত ও সকল প্রকার কল্যাণসূচক কাজ সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণের সময় অনুমোদনযোগ্য, কেননা ভালো কাজসমূহ 'আযাবকে প্রতিহত করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন